



২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে তৃতীয় ধাপের চূড়ান্ত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৮টি অনুষদের ২৩টি ডিগ্রীর জন্য ২০২৪ ইং শিক্ষাবর্ষের স্নাতক পর্যায়ে GST কর্তৃক প্রকাশিত ষষ্ঠ ধাপের ফলাফল অনুযায়ী যারা এ বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তাদেরকে আগামী ০৮ ডিসেম্বর ২০২৪খ্রী. নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে বলা হলো।

ভর্তি প্রক্রিয়া

১. ষষ্ঠ মেধা তালিকায় GST-তে নতুন সুযোগপ্রাপ্ত প্রার্থীদের ০৫/১২/২০২৪ইং তারিখ রাত ১১.৫৯মিনিটের মধ্যে ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd>)-এর মাধ্যমে অনলাইনে ৫০০০/- (পাঁচ হাজার টাকা) মাত্র জমা প্রদান করে প্রাথমিক ভর্তি নিশ্চয়ন করতে হবে এবং এসএসসি ও এইচএসসি-এর মূল ট্রান্সক্রিপ্ট দুটি আগামী ০৮/১২/২০২৪খ্রী. তারিখে বিশ্ববিদ্যালয়ের আইটি সেল অফিস (প্রশাসনিক ভবন, কক্ষ নং-২১২)-এ জমা প্রদান করে প্রাথমিক ভর্তি সম্পন্ন করতে হবে। প্রাথমিক ভর্তি সম্পন্ন ব্যতীত কোন ভাবেই চূড়ান্ত ভর্তির জন্য ফরম পূরন করা যাবে না। যারা ইতিপূর্বে গুচ্ছভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি সম্পন্ন করেছেন তাদেরকে গুচ্ছভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির স্লিপ প্রদর্শন ও ফটোকপি জমা প্রদান করে আগামী ০৮/১২/২০২৪ইং তারিখে হাবিপ্রবিতে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে।

২. যারা এ বিশ্ববিদ্যালয়ে প্রথম ও দ্বিতীয় ধাপে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করেছে, কিন্তু এ বিশ্ববিদ্যালয়ের মধ্যেই বিষয় পরিবর্তন হয়েছে, তাদের পুনরায় ভর্তি হওয়ার প্রয়োজন নাই।

৩. প্রাথমিকভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে ওয়েবসাইটে (<https://www.admission.hstu.ac.bd>) প্রবেশ করে নির্ধারিত ভর্তি ফি জমাদান সাপেক্ষে অনলাইনে ভর্তিফরম পূরণ করতে হবে। ভর্তিফরম আগামী ০৭/১২/২০২৪ খ্রী. বিকাল ৫.০০ টার পর হতে পূরণ করা যাবে।

৪. প্রাথমিকভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<https://www.admission.hstu.ac.bd>) প্রবেশ করে GST কর্তৃক প্রদত্ত রোল ও GST-তে প্রদত্ত মোবাইল নম্বর দিয়ে লগইন পূর্বক নির্ধারিত ফি প্রদানপূর্বক পূরণকৃত ভর্তিফরম ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।

৫. উল্লেখিত ফরমের প্রিন্টেড কপি শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট ডিন অফিসে আগামী ০৮/১২/২০২৪খ্রী. বিকাল ৪.০০টার মধ্যে জমা দিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে। উল্লেখিত সময়ের মধ্যে ভর্তি না হলে শিক্ষার্থীর ভর্তি বাতিল এবং আসনটি ফাঁকা বলে গণ্য হবে। ভর্তির ধাপসমূহ ওয়েবসাইট (<https://hstu.ac.bd/admission/index>) -এ দেওয়া আছে।

৬. ভর্তিকৃত সকল ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্যবীমার আওতায় আনা হবে।

ভর্তি ফি ও ফি প্রদান প্রক্রিয়া

৬. প্রাথমিকভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে মোবাইল ব্যাংকিং সিস্টেম নগদ-এর মাধ্যমে ভর্তি ফি বাবদ সর্বমোট ১০৯১৫ টাকা (১৫৯১৫-৫০০০=১০৯১৫/-) (দশ হাজার নয়শত পনেরো টাকা) + মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জসহ জমা দিতে হবে।

৭. উল্লেখিত মোবাইল ব্যাংকিং ব্যতিরেকে শিক্ষার্থীরা রূপালী ব্যাংক-এর যে কোন শাখায় স্বশরীরে হিসাব নং- ৫০৭৪০২০০০০২৩১ (হিসাবের শিরোনামঃ অ্যাডমিশন কমিটি, হাবিপ্রবি)- এ সর্বমোট ১০৯১৫/- (দশ হাজার নয়শত পনেরো টাকা) জমা দিয়ে ভর্তি ফরম ডাউনলোড করতে পারবে। এইক্ষেত্রে শিক্ষার্থীদের ভর্তি ফি জমাদানের ব্যাংক রশিদ বিশ্ববিদ্যালয়ের আইটি সেল কর্তৃক যাচাই করে নিতে হবে।

সতর্কীকরণ

৮. ভর্তির আবেদন সংক্রান্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে। ভর্তির পর আবেদনপত্রে কোন ভুল/মিথ্যা ধরা পড়লেও ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল হবে এবং মিথ্যা তথ্য প্রদানের বিষয়ে প্রমাণিত হলে শিক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-

প্রফেসর ড. এম জাহান্নার কবির
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
হাবিপ্রবি, দিনাজপুর-৫২০০